

সোয়াদ | ص | ৩৩d

আয়াতঃ ৩৮ : ৬০

আরবি মূল আয়াত:

قَالُوا بَلْ أَنْتُمْ لَا مَرْحَبًا بِكُمْ ؟ أَنْتُمْ قَدَّمْتُمُوهُ لَنَا فَبِئْسَ الْقَرَارُ ﴿٦٠﴾

অনুবাদসমূহ:

অনুসারীরা বলবে, ‘বরং তোমরাও, তোমাদের জন্যও তো নেই কোন অভিনন্দন। তোমরাই আমাদের জন্য এ বিপদ এনেছ। অতএব কতই না নিকৃষ্ট এ আবাসস্থল!’ – আল-বায়ান

অনুসারীরা বলবে- না, বরং তোমরাই (জ্বলে মর), তোমাদের জন্যও নেই কোন অভিনন্দন। আমাদের জন্য এ ব্যবস্থা আগে তোমরাই করে দিয়েছ। কতই না নিকৃষ্ট এই আবাসস্থল! – তাইসিরুল

অনুসারীরা বলবেঃ বরং তোমরাও, তোমাদের জন্যও তো অভিনন্দন নেই। তোমরাইতো পূর্বে ওটা আমাদের জন্য ব্যবস্থা করেছ, কত নিকৃষ্ট এই আবাসস্থল! – মুজিবুর রহমান

They will say, "Nor you! No welcome for you. You, [our leaders], brought this upon us, and wretched is the settlement." – Sahih International

৬০. অনুসারীরা বলবে, বরং তোমরাও, তোমাদের জন্যও কোন অভিনন্দন নেই। তোমরাই তো আগে আমাদের জন্য ওটার ব্যবস্থা করেছ। অতএব কত নিকৃষ্ট এ আবাসস্থল!(১)

(১) কাতাদাহ বলেন, এটা অনুসারীরা তাদের নেতাদেরকে বলবে। [তাবারী]

তফসীরে জাকারিয়া

(৬০) অনুসারীরা বলবে, ‘তোমাদের জন্যও তো অভিনন্দন নেই। তোমরাই তো আমাদেরকে শাস্তির সম্মুখীন করেছ।[1] সুতরাং কত নিকৃষ্ট এ আবাসস্থল।’

[1] অনুসারীরা তাদের দলপতিদেরকে বলবে, তোমরাই কুফরী ও ভ্রষ্টতার রাস্তা আমাদের সামনে সুশোভিত করে পেশ করতে, সুতরাং এই জাহান্নামের শাস্তিতে ফেলার মূলে হচ্ছ তোমরাই।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4030>